

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

জরুরি

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০১৬.১৬.৬৬৩

তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

যেহেতু, খুলনা জেলার ডুমুরিয়া উপজেলাধীন পূর্ব ডুমুরিয়া কেন্দ্রীয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নম্বর: ১৪/খুল, তারিখ: ০১/১১/২০১৬, গ্রাম: শলুয়া, ডাকঘর: শলুয়া বাজার, ডুমুরিয়া, খুলনা এর কার্যক্রম বিগত এক বছরের অধিককাল যাবৎ বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনা কর্তৃক বিগত ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৭.৬১.৪৭০০.০০০.০০০.৩৩.০০৯৮.১৯.১২১০ নম্বর স্মারকপত্রে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ০৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০১৭.১৬.৪৮৮ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ২৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সমিতির নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, নির্ধারিত সময়ের মধ্যে উক্ত নোটিশের কোন জবাব দাখিল করা হয়নি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।

২৮-১২-২০২৫

মোঃ নূরুল্লাহ

বিভাগীয় যুগ্ম নিবন্ধক

০২৪৭৭৭০১৯৮১

✉ jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০০১৬.১৬.৬৬৩/১ (৪)

তারিখ: ১৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ ডিসেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সভাপতি (মেয়াদ উত্তীর্ণ ব্যবঃ কমিটি), পূর্ব ডুমুরিয়া কেন্দ্রীয় দুগ্ধ উৎপাদনকারী সমবায় সমিতি লিঃ, গ্রাম: শলুয়া, ডাকঘর: শলুয়া বাজার, ডুমুরিয়া, খুলনা।
- ২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। (তাকে বর্ণিত নিবন্ধন বাতিল আদেশটি ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৩। উপজেলা সমবায় অফিসার, ডুমুরিয়া, খুলনা।
- ৪। জেলা সমবায় অফিসার, খুলনা।



Hrollah

২৮-১২-২০২৫

মোহাম্মদ হাসিবুর রহমান মোল্লাহ
উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)